# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাহাজ্জুদ সালাত শুরু করার সময় বারবার তাকবীর, তাহমীদ ও তাসবীহ পাঠ করতেন

## ذِكْرُ تَكْرَارِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ التَّكْبِيرَ وَالتَّحْمِيدَ وَالتَّسْبِيحَ لِلَّهِ جَلَّ وَعَلَا عِنْدَ افْتِتَاحِهِ صَلَاةَ اللَّيْلِ

---

আরবী

2592 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنْ عَاصِمٍ الْعَنَزِيِّ عَنِ ابْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ عَنْ أَبِيهِ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ دَخَلَ الصَّلَاةَ قَالَ: (اللَّهُ أَكْبَرُ كَبِيرًا اللَّهُ أَكْبَرُ كَبِيرًا اللَّهُ أَكْبَرُ كَبِيرًا الْحَمْدُ لِلَّهِ كَثِيرًا الْحَمْدُ لِلَّهِ كَثِيرًا الْحَمْدُ لِلَّهِ كَثِيرًا سُبْحَانَ اللَّهِ بُكْرَةً وَأَصِيلًا سُبْحَانَ اللَّهِ بُكْرَةً وَأَصِيلًا سُبْحَانَ اللَّهِ بُكْرَةً وَأَصِيلًا اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الشَّيْطَانِ مِنْ همزه وونفثه وَنَفْخِهِ)

قَالَ عَمْرٌو: وَهَمْزُهُ: الْمُوتَةُ ونفخُهُ: الكِبْرُ ونفثه: الشِّعْرُ

الراوي : جُبَيْر بْن مُطْعِمٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2592 | خلاصة حكم المحدث: صحيح لغيره

বাংলা

২৫৯২. জুবাইর বিন মুত‘ইম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি যখন তিনি সালাত শুরু করতেন, তখন বলতেন,

اللَّهُ أَكْبَرُ كَبِيرًا اللَّهُ أَكْبَرُ كَبِيرًا اللَّهُ أَكْبَرُ كَبِيرًا الْحَمْدُ لِلَّهِ كَثِيرًا الْحَمْدُ لِلَّهِ كَثِيرًا الْحَمْدُ لِلَّهِ كَثِيرًا سُبْحَانَ اللَّهِ بُكْرَةً وَأَصِيلًا سُبْحَانَ اللَّهِ بُكْرَةً وَأَصِيلًا سُبْحَانَ اللَّهِ بُكْرَةً وَأَصِيلًا اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الشَّيْطَانِ مِنْ همزه وونفثه وَنَفْخِهِ

(আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহর জন্য অনেক অনেক প্রশংসা, আল্লাহর জন্য অনেক অনেক প্রশংসা, আল্লাহর জন্য অনেক অনেক প্রশংসা। সকাল-সন্ধায় আল্লাহর পবিত্রতা ঘোষনা করি, সকাল-সন্ধায় আল্লাহর পবিত্রতা ঘোষনা করি, সকাল-সন্ধায় আল্লাহর পবিত্রতা ঘোষনা করি। হে আল্লাহ, আমি আপনার কাছে আশ্রয় চাই শয়তান থেকে; তার ওয়াসওয়াসা বা উন্মত্ততা, তার অহংকার ও তার কবিতা থেকে)।"[1]

আমর রহিমাহুল্লাহ বলেন, " هَمْزُهُ অর্থ হলো উন্মত্ততা, نَفْخُهُ হলো অহংকার আর نَفْثُهُ হলো কবিতা।"

## ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৮০৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৬৮; আত তায়ালিসী: ৯৪৮; মুসনাদ আহমাদ: ৪/৮৫; আবূ দাঊদ: ৭৬৪; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৮০; আত তাবারানী: ১৫৬৮; সুনান বাইহাকী: ২/৩৫; হাকিম: ১/২৩৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (মিশকাত: ৮১৬-৮১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত‘ইম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91922

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন